UK Health
Security
Agency

# অস্ত্রোপচারের ক্ষতের ওপর সংক্রমণ হচ্ছে কিনা নজর রাখা

রোগীদের জন্য তথ্য







অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণ এবং হাসপাতাল থেকে হওয়া সংক্রমণের ওপর নজর রাখার জন্য রাষ্ট্রীয় কার্যক্রমের বিষয়টি এই প্রচারপত্রে বুঝিয়ে বলা হয়েছে।

# অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণ হওয়া মানে কি?

অস্ত্রোপচারের বেশীর ভাগ ক্ষতই কোন জটিলতা ছাড়া তাড়াতাড়ি সেরে যায়। অস্ত্রোপচারের ক্ষতগুলির মধ্যে খুব কম সংখ্যক ক্ষেত্রে, সংক্রমণ হওয়ার কারণে জটিলতা তৈরি হয়। যখন অস্ত্রোপচার করার জন্য আপনার ত্বকের যে জায়গাটা শল্যচিকিৎসক কেটেছেন, সেই জায়গাটায় জীবাণু (ব্যাক্টিরিয়ার মত অত্যন্ত ক্ষুদ্রকায় প্রাণী) প্রবেশ করে তখন এটা ঘটে থাকে।

আমাদের শরীরে এবং পারিপার্শ্বিক পরিবেশেও অনেক জীবাণু বসবাস করে। এদের বেশীর ভাগই ক্ষতিকারক নয়, এমনকি উপকারীও হতে পারে। যে ক'টি অল্পসংখ্যক জীবাণু ক্ষতি করতে পারে, তাদের বিরুদ্ধে আমাদের শরীরে স্বাভাবিক প্রতিরক্ষার ব্যবস্থা আছে। স্বাভাবিক ভাবে, আমাদের ত্বক জীবাণুদের আমাদের শরীরে প্রবেশ করা থেকে প্রতিরোধ করে, কিন্তু ত্বকের মধ্যে কোথাও কাটা ছেঁড়া থাকলে (আঘাত পাওয়ার কারণে বা অস্ত্রোপচারের উদ্দেশ্যে কাটার জন্য) সেখান দিয়ে তারা ঢুকতে পারে ও সংক্রমণ ঘটাতে পারে।

# এই সংক্রমণ গুলি কখন হয়?

অস্ত্রোপচার হওয়ার দুই তিন দিন পর থেকে, ক্ষতটা সেরে না যাওয়া (সাধারণতঃ অপারেশনের পরে দুই থেকে তিন সপ্তাহ) পর্যন্ত, যে কোন সময় সংক্রমণ হতে পারে। খুব কম ক্ষেত্রে দেখা যায়, অপারেশন করার কয়েক মাস পরেও এটা হতে পারে।

অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণ খুব কমই দেখা যায় (তালিকা দেখবেন)। অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণ বেশীর ভাগই ত্বকের মধ্যে সীমাবদ্ধ থাকে, কিন্তু কোন কোন সময় সেটা আরও গভীর টিস্যুর মধ্যে ছড়িয়ে যেতে পারে। শরীরের যেসব অঙ্গে অনেক জীবাণু বাস করে, যেমন অন্ত্রনালী, সেই সব জায়গায় অস্ত্রোপচার করার পরে, সংক্রমণ হওয়ার সম্ভাবনা বেশী থাকে।

### বিভিন্ন ধরণের অস্ত্রোপচারের ক্ষেত্রে অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণের হার

| অপারেশনের ধরন | প্রতি 100 টি অস্ত্রোপচারে গড়পড়তা সংক্রমণের হার* |
|---|---|
| হাঁটুর জয়েন্ট প্রতিস্থাপন করা | 1 এর কম |
| নিতম্বের জয়েন্ট প্রতিস্থাপন করা | 1 এর কম |
| পেটের হিস্টেরেক্টমী | 2 |
| রক্তনালীতে অস্ত্রোপচার | 2 |
| করোনারি ধমনীর বাইপাস সংযোজন | 3 |
| বড় অন্ত্রনালীর (গাট্) অস্ত্রোপচার | 9 |

* রোগীরা হাসপাতালে ভর্তি থাকাকালীন অথবা অস্ত্রোপচারের পর পুনরায় ভর্তির সময় সংক্রামিত ক্ষতগুলি সনাক্ত করা হয়েছে।
তথ্য সূত্র: UKHSA. Surveillance of Surgical Site Infections in NHS Hospitals in England.

# আমার ক্ষতের ওপরে কি ভাবে নজর রাখা হবে?

হাসপাতালে থাকাকালীন যে নার্স আপনার ক্ষতের ব্যান্ডেজটা বদলে দেবেন, তিনি কোন সংক্রমণ হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখবেন। আপনি যদি আপনার ক্ষতের ব্যাপারে চিন্তিত থাকেন, তাহলে যে নার্স আপনার দেখাশোনা করছেন, তাকে এটা বলবেন। আপনার ব্যান্ডেজ খোলা, অথবা আপনার ক্ষত বা ক্ষতের থেকে ক্ষরণ হওয়ার ব্যবস্থাটি স্পর্শ করার লোভ করবেন না। আপনি অনিচ্ছাকৃত ভাবে আপনার আঙুল থেকে আপনার ক্ষততে জীবাণু ছড়িয়ে দিতে পারেন।

আপনি হাসপাতাল ছেড়ে চলে যাওয়ার পরও সংক্রমণ হতে পারে। অস্ত্রোপচারের পরে কিছুটা লাল হবে ও ফুলে থাকবে বলে অনুমান করা যেতে পারে, কিন্তু নিচে দেওয়া লক্ষণগুলির কোনটা যদি হয়, তাহলে আপনার হয়ত সংক্রমণ হয়ে থাকতে পারে:

- আপনার ক্ষতটার চারপাশ লাল হয়ে ওঠে অথবা ব্যথা থাকে ও আপনার মনে হয় না যে এটা ক্ষত সেরে ওঠার স্বাভাবিক পদ্ধতি অথবা এই জায়গাটা গরম থাকে ও ফুলে ওঠে
- আপনার ক্ষত থেকে সবুজ বা হলুদ রঙের ক্ষরণ (পুঁজ) হয়
- আপনার শরীর খারাপ বা জ্বর জ্বর ভাব লাগে অথবা আপনার জ্বর হয়

আপনার যদি ক্ষতটা নিয়ে কোনো সমস্যা হয় এবং আপনাকে যদি হাসপাতালের সাথে যোগাযোগ করতে বলা না হয়ে থাকে, তাহলে আপনার জেনারেল প্র্যাক্টিশনার (GP) এর সাথে যোগাযোগ করবেন। আপনার ক্ষত নিয়ে আপনার কোনো সমস্যা হয়েছিল কিনা তা জিজ্ঞাসা করার জন্য, আপনার অপারেশনের প্রায় এক মাস পরে আপনি হয়তো হাসপাতাল থেকে একটি প্রশ্নমালা (কাগজের, ইমেইলের মাধ্যমে বা পাঠ্য আকারে) পেতে পারেন বা টেলিফোন কল পেতে পারেন। অনেক রোগীই অপারেশনের অল্প পরেই হাসপাতাল থেকে চলে যান এবং হাসপাতালে থাকাকালীন যাদের সংক্রমণ হয় শুধু তাদের বিষয়েই নয়, রোগীরা হাসপাতালের থেকে চলে যাওয়ার পর যাদের ক্ষততে সংক্রমণ হয় তাদের কথাও হাসপাতালের কর্মচারীদের জানা দরকার।

## আমার কোন লক্ষণ দেখা দিলে তখন কি হবে?

আপনার হাসপাতাল আপনার অস্ত্রোপচার সম্পর্কে তথ্য সংগ্রহ করবে এবং সংক্রমণের লক্ষণগুলি আছে কিনা দেখার জন্য আপনার ক্ষতর উপরে নজর রাখবে। যদি নার্স, ধাত্রী বা ডাক্তার সন্দেহ করেন যে আপনার অস্ত্রোপচারের ক্ষতের জায়গায় সংক্রমণ হয়েছে, তাহলে তারা আপনার ক্ষতের ওপর থেকে সোয়াব দিয়ে একটা নমুনা নেবেন এবং পরীক্ষার জন্য সেটা পরীক্ষাগারে পাঠাবেন। আপনার নার্স বা ডাক্তার হয়তো এ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করতে পারেন। আপনার অস্ত্রোপচার সম্পর্কে সংগৃহীত তথ্য হাসপাতাল আপনাকে সবচেয়ে ভালো ব্যক্তিগত পরিচর্যা প্রদানের জন্য ব্যবহার করে।

## আমার তথ্য কাদের সাথে শেয়ার করা হবে?

যুক্তরাজ্যের স্বাস্থ্য সুরক্ষা এজেন্সি (UKHSA) ইংল্যান্ড জুড়ে হাসপাতালগুলিতে অস্ত্রোপচার জনিত ক্ষতের সংক্রমণের উপরে নজর রাখার জন্য দায়ী। এতে সহায়তা করার জন্য, আপনার হাসপাতাল আপনার অস্ত্রোপচার সম্পর্কিত ব্যক্তিগত তথ্য UKHSA, এর সাথে শেয়ার করে, যার মধ্যে রয়েছে আপনার নাম, জন্মতারিখ, লিঙ্গ এবং NHS নম্বর। এছাড়াও আপনার অস্ত্রোপচার জনিত ক্ষতের সংক্রমণের ঝুঁকি সম্পর্কে তথ্য শেয়ার করা হয়, যার মধ্যে রয়েছে:

- আপনার অস্ত্রোপচারের আগে আপনার স্বাস্থ্যের সাধারণ মান
- আপনার অস্ত্রোপচার সম্পর্কে তথ্য
- আপনার অস্ত্রোপচারের পরে আপনার যে কোনো সংক্রমণ হয়ে থাকলে সে সম্পর্কিত তথ্য

আপনার হাসপাতাল থেকে আমরা যে তথ্য পাই তার গুণমান এবং নির্ভুলতা পরীক্ষা করার জন্য UKHSA-কে ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে আমরা রোগীদের একাধিকবার গণনা করছি না। আপনার অস্ত্রোপচারের পরে আপনাকে পুনরায় হাসপাতালে ভর্তি করা হচ্ছে কিনা এবং ডায়াবেটিসের মতো সংক্রমণের জন্য আপনার কোনো ঝুঁকির কারণ আছে কিনা তা দেখার জন্য আমরা NHS এর রেকর্ডগুলির সাথে লিঙ্ক করার জন্যও এই তথ্য ব্যবহার করি। এটি আমাদের জনস্বাস্থ্য বিজ্ঞানীদের হাসপাতালগুলির অস্ত্রোপচার জনিত সংক্রমণের হার মূল্যায়ন করতে সাহায্য করে এবং রোগীদের প্রাপ্ত চিকিৎসার মান উন্নত করতে সহায়তা করে। এছাড়াও, আমরা জাতীয় পরিসংখ্যান অফিস (Office for National Statistics) থেকে মৃত্যুর রেকর্ডের সাথে লিংক তৈরি করি যাতে দেখা যায় যে কোনো অস্ত্রোপচার জনিত সংক্রমণে আক্রান্ত যেকোনো রোগী এই সংক্রমণ থেকে মারা যায় কিনা।

ক্লিনিকাল সংক্রমণ সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার তথ্য UKHSA দ্বারা সংরক্ষিত মাইক্রোবায়োলজি ল্যাবরেটরির ডেটার সাথেও লিঙ্ক করা যেতে পারে। আমরা আপনার তথ্য অন্যান্য ক্লিনিকাল রেজিস্ট্রিগুলির রেকর্ডের সাথেও লিঙ্ক করতে পারি, যাতে ব্যবহৃত অস্ত্রোপচারের সামগ্রীগুলির ধরনের মতো আরও বিস্তারিত ধরনের অস্ত্রোপচার বিষয়ক তথ্য থাকে।

আপনার অথবা আপনার হয়ে কাজ করা কোনো ব্যক্তির মোবাইল ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা UKHSA-এর সাথে শেয়ার করা হতে পারে। এটি এজন্য করা হয় যাতে আমরা যেন আপনাকে ইমেইল বা পাঠ্য টেক্সটের মাধ্যমে একটি ক্ষত নিরাময় প্রশ্নপত্র পাঠাতে পারি যাতে আপনি তা পূরণ করে UKHSA-তে ফিরিয়ে দিতে পারেন।

## অস্ত্রোপচার জনিত সংক্রমণ সম্পর্কে আমি কোথায় আরও জানতে পারি?

আপনি UKHSA ওয়েবসাইট www.gov.uk/government/collections/surgical-site-infection-ssi-guidance-data-and-analysis এ অস্ত্রোপচার জনিত ক্ষতের ফলে হওয়া সংক্রমণ সম্পর্কে আরও জানতে পারেন।

# UKHSA সম্পর্কে আমি কোথায় আরও কিছু জানতে পারি?

UKHSA কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য অস্ত্রোপচার জনিত ক্ষত থেকে হওয়া সংক্রমণের উপরে নজর রাখার জন্য ব্যবহার করে সে সম্পর্কে আপনি www.gov.uk/guidance/surgical-site-infection-surveillance-privacy-notice এর থেকে আরও জানতে পারেন।

UKHSA-এর সার্জিক্যাল সাইট ইনফেকশন সার্ভিল্যান্স সার্ভিসের অধীনে যাদের অস্ত্রোপচারের পর্যবেক্ষণ করা হচ্ছে তাদের জন্য UKHSA দ্বারা প্রযোজনা করা হয়েছে।

| আপনার যদি আরও যেকোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে যোগাযোগ করুন: |
|---|
| |

এই লিফলেটটি বড়ো অক্ষরে ছাপানো ধরনের এবং নিম্নলিখিত ভাষাগুলিতেও পাওয়া যাবে, উদাহরণস্বরূপ: আরবি, বাংলা, চীনা (সরলীকৃত বা ঐতিহ্যবাহী), গুজরাটি, পোলিশ, পাঞ্জাবি এবং উর্দু। আপনি www.gov.uk/ukhsa থেকে এই প্রকাশনাটি ডাউনলোড করতে পারেন।

ওপেন গভর্নমেন্ট লাইসেন্স (OGL) v3.0 এর শর্তাবলীর অধীনে, আপনি যেকোনো ফর্ম্যাটে বা মাধ্যমে বিনামূল্যে এই তথ্য পুনর্ব্যবহার করতে পারেন (লোগো বাদে)। এই লাইসেন্সটি দেখতে, OGL টি www.nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3/ এ পরিদর্শন করুন। যেখানে আমরা কোনো তৃতীয় পক্ষের কপিরাইট থাকা তথ্য সনাক্ত করেছি, আপনাকে সংশ্লিষ্ট কপিরাইট ধারকদের কাছ থেকে সেই বিষয়ে অনুমতি নিতে হবে।

UKHSA প্রতিটি কমিউনিটির প্রতিটি সদস্যকে সংক্রামক রোগ, রাসায়নিক, জৈবিক, রেডিওলজিক্যাল এবং পারমাণবিক দুর্ঘটনা এবং অন্যান্য স্বাস্থ্য হুমকির প্রভাব থেকে রক্ষা করার জন্য দায়বদ্ধ। দেশের স্বাস্থ্য সুরক্ষিত করার জন্য আমরা জাতীয় এবং স্থানীয় পর্যায়ে, পাশাপাশি বিশ্বব্যাপী পর্যায়ে বৌদ্ধিক, বৈজ্ঞানিক এবং কার্যপরিচালনা জনিত নেতৃত্ব প্রদান করি।

www.gov.uk/government/organisations/uk-health-security-agency

Ulotka ta jest również dostępna w języku polskim
ਇਹ ਪਰਚਾ ਪੰਜਾਬੀ ਵਿੱਚ ਵੀ ਉਪਲਬੱਧ ਹੈ
**এই প্রচারপত্রটি বাংলা ভাষায়ও পাওয়া যায়**
**આ પત્રિકા ગુજરાતી ભાષામાં પણ ઉપલબ્ધ છે**
本宣传单还提供有中文(简体)版本
本宣傳單還提供有中文(繁體)版本

تتوفر هذه الكراسة أيضاً باللغة العربية.
یہ پرچہ اُردو میں بھی دستیاب ہے

© Crown copyright 2025

এই নথি সম্পর্কিত প্রশ্নের জন্য, অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন:
ssi.data@ukhsa.gov.uk

প্রকাশিত: জুন 2025

প্রকাশনার তথ্যসূত্র: GOV-11041

চিত্রসমূহ © Shutterstock

Corporate member of Plain English Campaign
Committed to clearer communication
339

UKHSA স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যমাত্রাগুলিকে সমর্থন করে

SUSTAINABLE DEVELOPMENT GOALS